



মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

৫৮-৫৯, আখাবাদ বাণিজ্যিক এলাকা,
ডাক বাস্তু নং-১০৮, চট্টগ্রাম, বাংলাদেশ।

বাংলাদেশের
সুর্ভাগ্যজয়ন্তী
Bangladesh



প্রেস বিজ্ঞপ্তি

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৯ম বিশেষ সাধারণ সভা এবং ৪৫ তম বার্ষিক সাধারণ সভা

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৯ম বিশেষ সাধারণ সভা এবং ৪৫ তম বার্ষিক সাধারণ সভা ১০ ফেব্রুয়ারী, ২০২৪, ২৭ মাঘ, ১৪৩০ শনিবার যথাক্রমে ১০:০০ ঘটিকায় এবং ১১:০০ ঘটিকায় “ডিজিটাল প্ল্যাটফর্মে-এ অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব এবং কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ নুরুল আলম। সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। এছাড়াও সভায় জনাব খালিদ আহমেদ, পরিচালক (অপাঃ ও পরিঃ) বিপিসি ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ আসমাউল হোসেন, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব ও স্বাধীন পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ খলিলুর রহমান, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব ও স্বাধীন পরিচালক, এমপিএল বোর্ড; জনাব আবু দাইয়ান মোহাম্মদ আহসানউল্লাহ, যুগ্মসচিব, অর্থ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; কাজী শাহজাহান, যুগ্মসচিব (মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব), মন্ত্রিপরিষদ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপ-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব আবুল ফজল মোঃ নাফিউল করিম, পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, শেয়ারহোল্ডার পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ টিপু সুলতান, ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ও পরিচালক, এমপিএল বোর্ড এবং কোম্পানি সচিব জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন ভার্চুয়ালি অংশগ্রহণ করেন।

উক্ত বিশেষ সাধারণ সভা ও বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ভার্চুয়ালি অংশগ্রহণ করে তাঁদের বক্তব্যে কোম্পানির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করেন এবং কোম্পানির উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন। কোম্পানির ২০২২-২০২৩ হিসাব বছরে ৪৪২.১৩ কোটি টাকা কর উত্তর মুনাফা অর্জন করায় এবং শেয়ার প্রতি আয় ৪০.৮৬ টাকা হওয়ায় কোম্পানির পরিচালক পর্ষদ ও সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদেরকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সন্তোষ প্রকাশ করা হয়। সভায় ১৬০% নগদ লভ্যাংশের অনুমোদন প্রদান করা হয়।

(মোহাম্মদ ইনাম ইলাহী চৌধুরী)
জেনারেল ম্যানেজার (এইচ আর)